



THE DAILY CAMPUS

Daily Campus, 02-03-2024, Online

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে প্লাস্টিক দূষণ নিয়ে সচেতনতা মূলক অনুষ্ঠান



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে প্লাস্টিক দূষণ নিয়ে সচেতনতা মূলক অনুষ্ঠান © সংগৃহীত

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ দুটির উদ্যোগে দিনব্যাপী 'প্লাস্টিক দূষণ বিষয়ে শিক্ষার্থীদের সচেতনতা মূলক' অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। শনিবার (২ মার্চ) রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ছাড়াও রাজধানীর পাঁচটি বিদ্যালয়ের খুদে শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

আয়োজনের মধ্যে ছিল পরিবেশ বিষয় আলোচনা, কুইজ, ছবি আঁকা, সচেতনতা মূলক স্টল, ভিডিও প্রদর্শনী ইত্যাদি।

আলোচনা অনুষ্ঠানে বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি, সৈয়দ মঞ্জুর এলাহী, বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা, অধ্যাপক মোহাম্মাদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শামস রহমান, কোষাধ্যক্ষ ইশফাক ইলাহি চৌধুরী, প্রথম আলোর যুব কার্যক্রমের প্রধান সমন্বায়ক মুনির হাসান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের অধ্যাপক জেসমিন এবং অধ্যাপক গাউসিয়া চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের সভাপতি সুরাইয়া নাসরিন।

আলোচনায় বক্তারা প্লাস্টিক পণ্যের নানান ধরনের ক্ষতিকর দিক তুলে ধরেন। জলাবদ্ধতা, ফসলহানি, জলজ প্রাণীদের জীবন বিপন্ন ইত্যাদি সংকটের জন্য তাঁরা প্লাস্টিকের ব্যবহারকে দায়ী করেন। পৃথিবীর বিভিন্ন দেশে প্লাস্টিক ব্যবহার বন্ধ হয়েছে কেন সেসবের উদাহরণ দেন।

বক্তাদের মতে, বাংলাদেশের মানুষের মধ্যে প্লাস্টিক বিষয়ে সচেতনতার অভাব রয়েছে। সে জন্য এ দেশের মানুষকে প্রতিনিয়ত নানান ধরনের দুর্ভোগ পোহাতে হচ্ছে। তাই, স্কুলের শিক্ষার্থীদের প্লাস্টিক পণ্য ব্যবহার কমিয়ে আনতে পরিবার থেকেই ভূমিকা রাখা এবং বড় হয়ে এ বিষয়ে আরও বিশদভাবে কাজ করার পরামর্শ দেন। অনুষ্ঠানে শিক্ষার্থীরাও প্লাস্টিক দূষণ বন্ধে কাজ করবেন বলে অঙ্গীকার করেন।